গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

আমদানিকৃত পণ্যের এইচএস কোড নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী (তারিখ ১৬/০২/২০২১)

বিভিন্ন অংশীজনদের নিকট হতে পণ্যের এইচএস কোড নির্ধারন বিষয়ে প্রাপ্ত আবেদনসমূহ জাতীয় রাজস্ব বোর্ড নিয়মিতভাবে নিষ্পত্তি করে থাকে। পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এইচএস কোড নির্ধারণ অনেক সুক্ষ্ম ও জটিল বিশ্লেষণের ওপর নির্ভরশীল হওয়ায় অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণ অত্যাবশ্যক। ফলে এ জাতীয় আবেদন নিষ্পত্তির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রায়শই আবেদনকারী, অধীনস্থ বিভিন্ন কাস্টমস স্টেশন ও বিশেষজ্ঞ সমন্বয়ে সভা করে থাকে। এ জাতীয় কতিপয় আবেদন নিষ্পত্তির লক্ষ্যে ১৬-০২-২০২১ তারিখে সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে শ্রেণিবিন্যাস সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয় (সভায় উপস্থিতির তালিকা সংযুক্ত)। উক্ত সভার বিষয়বস্তু নিম্নরূপ:

(ক) আলোচ্য সূচি:

(১) PURPLE ALGORITHM LTD. কর্তৃক আমদানিকৃত ০৫ টি পণ্য যথা- (ক) ''Freyias Brightening Daily Face Wash'' (খ) ''Freyias Saffron Daily Face Wash'' (গ) ''Freyias Multani Clay Daily Face Wash'' (ঘ) ''Freyias Brightening Oil Control Daily Face Wash'' (ঙ) ''Freyias Brightening Vitamin E Daily Face Wash'' এ অগ্রিম রুলিং সংক্রান্ত এর সঠিক H.S Code নির্ধারণ;

(২) Vibrant Ceramics Ltd. কর্তৃক আমদানিকৃত ''Terracotta Clay Product'' এ অগ্রিম রুলিং সংক্রান্ত এর সঠিক H.S Code নির্ধারণ;

(৩) Synergy Trading Ltd. কর্তৃক আমদানিকৃত ''Terracotta Clay Product'' এ অগ্রিম রুলিং সংক্রান্ত এর সঠিক H.S Code নির্ধারণ;

(৪) ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড কর্তৃক আমদানিকৃত ''Nicotine pouch (VELO)'' এ অগ্রিম রুলিং সংক্রান্ত (পুনর্বিবেচনা) এর সঠিক H.S Code নির্ধারণ;

(৫) Rocket Food & Cosmetics কর্তৃক আমদানিকৃত ''ন্যাচারাল হেনা কালার (পেস্ট) Prem Dulhan'' এ অগ্রিম রুলিং সংক্রান্ত (পুনর্বিবেচনা) এর সঠিক H.S Code নির্ধারণ;

(৬) কাস্টম হাউস, পানগাঁও কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক M/S RIYAD ENTERPRISE কর্তৃক আমদানিকৃত ''Fabrics'' এর সঠিক H.S Code নির্ধারণ;

(৭) Super Star Electronics Ltd. কর্তৃক আমদানিকৃত ''Parts of LED Panel Light'' এর সঠিক H.S Code নির্ধারণ এবং

(৮) কাস্টম হাউস, ঢাকা কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক Advanced chemical Industries Ltd. এর আমদানিকৃত ''Back Sheet for baby Diaper'' এর সঠিক H.S Code নির্ধারণ।

(খ) সংক্ষিপ্ত বিবরণ: সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার বিষয়ভিত্তিক আলোচনা শুরু করেন। তিনি দ্বিতীয় সচিবকে সভার কার্যপত্র উপস্থাপনসহ সকলকে আলোচনার জন্য আহ্বান জানান। সভায় প্রতিষ্ঠান ভিত্তিক আলোচনা ও সে প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত নিম্নরূপ:-

আলোচ্য সূচিঃ

১। আমদানিকারক PURPLE ALGORITHM LTD. গত ২৩/১২/২০২০ খ্রিঃ তারিখে (ক) ''Freyias Brightening Daily Face Wash'' (খ) ''Freyias Saffron Daily Face Wash'' (গ) ''Freyias Multani Clay Daily Face Wash'' (ঘ) ''Freyias Brightening Oil Control Daily Face Wash'' (ঙ) ''Freyias Brightening Vitamin E Daily Face Wash'' নামীয় পণ্যের সঠিক H.S Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং এর আবেদন করেছেন। তাদের দাবীকৃত H.S Code-3401.30.00।

অগ্রিম রুলিং এর বিষয়ে কাস্টম হাউসসমূহের নিকট হতে প্রাপ্ত মতামতসমূহ নিম্নে তুলে ধরা হলো:

ক্রঃ নং	দপ্তরসমূহ	মতামত
১।	কাস্টম হাউস, ঢাকা।	আলোচ্য পণ্যটির Bangladesh Customs Tarrif (BCT), Explanatory Notes এবং বর্ণিত পত্রের সাথে সংযুক্ত দলিলাদির আলোকে পণ্যটির বর্ণনা, ব্যবহার ও ধরন পর্যালোচনাপূর্বক আলোচ্য পণ্য face wash Bangladesh Customs Tarrif এর Chapter-34 এর হেডিং 3401এর Subheading 3401.30.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করেন। উল্লেখ্য, উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে ঐ দপ্তরে কোন মামলা চলমান নেই।
২।	কাস্টম হাউস, আইসিডি।	বিবেচ্য পণ্যটির Bangladesh Customs Tarrif (BCT) এবং Explanatory Notes অনুযায়ী H.S Code-3401.30.00 তে শ্রেণিবিন্যাস করা যুক্তি সংগত হবে মর্মে ঐ দপ্তর মনে করেন। উল্লেখ্য যে, নামীয় পণ্যের বিপরীতে ঐ দপ্তরের সাথে আদালতে বা ট্রাইব্যুনালে কোন মামলা চলমান নেই।
৩।	কাস্টম হাউস, পানগাঁও।	বিবেচ্য পণ্যটির Bangladesh Customs Tarrif (BCT) এবং Explanatory Notes এর ব্যাখ্যামতে পণ্যটির হেডিং ৩৩.০৪ এর আওতায় H.S Code-3304.99.00 এ শ্রেণিবিন্যস্ত হবে মর্মে ঐ দপ্তর মনে করেন। উক্ত পণ্যের বিষয়ে ঐ দপ্তরে কোন মামলা চলমান নেই এবং জানামতে কোন আদালত বা ট্রাইব্যুনালে ঐ দপ্তর কর্তৃক পরিচালিত কোন মামলা নেই।
৪।	মোংলা কাস্টম হাউস, খুলনা।	আলোচ্য পণ্যটির Bangladesh Customs Tarrif (BCT) এবং Explanatory Notes এর ব্যাখ্যামতে পণ্যটির হেডিং ৩৩.০৪ এর আওতায় H.S Code-3304.99.00 এ শ্রেণিবিন্যস্ত হবে মর্মে ঐ দপ্তর মনে করেন।
৫।	কাস্টম হাউস, বেনাপোল।	আলোচ্য পণ্যটির Bangladesh Customs Tarrif (BCT) এবং General Rules for Interpretation of the Harmonized System এর Rule 1 ও 6 এবং World Customs Organization কর্তৃক প্রণীত Explanatory Notes এর ব্যাখ্যা অনুযায়ী H.S Code-3304.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করেন।
৬।	কাস্টম হাউস, চট্টগ্রাম।	আলোচ্য পণ্যটির BCT, Explanatory Notes এর ব্যাখ্যা, অনুযায়ী আমদানিকৃত পণ্যটি মূলত Freyia's Weekly Peeling Milk Face Wash এবং Freyia's Weekly Peeling Aloe Vera Face Wash (Aura-al skin types) এ acne, anti-acne, prevent pimple হিসেবে beautification এর কাজ করায় H.S Heading-3304 এর অধীনে H.S Code 3304.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করেন।

পর্যালোচনা ও সিদ্ধান্তঃ পণ্যসমূহ সাধারন ফেসওয়াশ। এর মোড়কের গায়ে Anti-acne preparation বা এ জাতীয় কোন বৈশিষ্ট্যের কথা উল্লেখ নেই। সে মোতাবেক Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিকৃত (ক) ''Freyias Brightening Daily Face Wash'' (খ) ''Freyias Saffron Daily Face Wash'' (গ) ''Freyias Multani Clay Daily Face Wash'' (ঘ) ''Freyias Brightening Oil Control Daily Face Wash'' (ঙ) ''Freyias Brightening Vitamin E Daily Face Wash'' এর H.S Code 3401.30.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। আমদানিকারক Vibrant Ceramics Ltd. গত ০৬/০১/২০২১ খ্রিঃ তারিখে ''Terracotta Clay Product'' নামীয় পণ্যের সঠিক H.S Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং এর আবেদন করেন। তাদের দাবীকৃত H.S Code-6905.90.00।

অগ্রিম রুলিং এর বিষয়ে কাস্টম হাউসসমূহের নিকট হতে প্রাপ্ত মতামতসমূহ নিম্নে তুলে ধরা হলো:

ক্রঃ নং	দপ্তরসমূহ	মতামত
১।	কাস্টম হাউস, আইসিডি।	আলোচ্য পণ্যটি Terracotta Clay Product বলতে পোড়ামাটির তৈরি বিভিন্ন ধরনের সামগ্রীকে বুঝানো হয়, যা বিভিন্ন Finished Product হিসেবে বিসিটি এর অন্তর্ভুক্ত বিভিন্ন হেডিং এর এইচ এস কোডে বিন্যস্ত হতে পারে। যেমন-Terracotta Clay এর তৈরি Household Articles (Tableware, kitchenware) হলে হেডিং 6912, Tiles হলে হেডিং 6907, বিভিন্ন Constructional Goods (Roofing Tiles, Chimney-pots, architectural ornaments and other constructional goods) হলে হেডিং 6905, Statuettes and other ornamental articles হলে হেডিং 6913 তে শ্রেণিবিন্যাস করা যুক্তি সংগত হবে মর্মে ঐ দপ্তর মনে করেন। উল্লেখ্য যে, নামীয় পণ্যের বিপরীতে ঐ দপ্তরের সাথে আদালতে বা ট্রাইব্যুনালে কোন মামলা চলমান নেই।
২।	কাস্টম হাউস, পানগাঁও।	আলোচ্য আমদানিকারকের পণ্যটি যেহেতু সরাসরি কোন এইচ এস কোড নেই সেহেতু উক্ত পণ্যটি ARCHITECTURAL ORNAMENTS এর হেডিংভুক্ত। সুতরাং Terracotta Clay Product টির H.S Code-6905.90.00 এ শুল্কায়নযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করেন। উক্ত পণ্যের বিষয়ে ঐ দপ্তরে কোন মামলা চলমান নেই এবং জানামতে কোন আদালত বা ট্রাইব্যুনালে ঐ দপ্তর কর্তৃক পরিচালিত কোন মামলা নেই।
৩।	মোংলা কাস্টম হাউস, খুলনা।	আলোচ্য পণ্যটির Bangladesh Customs Tarrif (BCT) এবং Explanatory Notes এর ব্যাখ্যামতে পণ্যটির H.S Code-6907.22.00 এ শ্রেণিবিন্যস্ত হবে মর্মে ঐ দপ্তর মনে করেন।
৪।	কাস্টম হাউস, বেনাপোল।	আলোচ্য Terracotta Clay Product নামীয় পণ্যটি Bangladesh Customs Tarrif (BCT) অনুযায়ী H.S Code-6913.90.00 তে শ্রেণিবিন্যাস করা অধিক যুক্তিযুক্ত মর্মে ঐ দপ্তর মনে করেন।
ঢাকা ও চট্টগ্রাম হতে কোন মতামত পাওয়া যায়নি।		

পর্যালোচনা ও সিদ্ধান্তঃ আমদানিকারক তার আবেদনপত্রে 'Terracotta Clay Product' নামীয় পণ্যের কথা উল্লেখ করেছেন। সভায় এ বিষয়ে সুনির্দিষ্টভাবে তার পণ্য কোনটি তা জানতে চাওয়া হলে তিনি যে নমুনা পণ্য উপস্থাপন করেন তা মূলত একটি 'Tiles'. আমদানিকারক তার আবেদনে উক্ত 'Tiles' পণ্যটিকে 69.05 এর অধীনে শ্রেণিবিন্যাসের জন্য আবেদন করেন। পর্যালোচনায় দেখা যায় যে, 69.05 এর অধীন এ 'Roofing Tiles' সমূহ শ্রেণিবিন্যাসযোগ্য। WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিতব্য পণ্যটিতে 'Roofing Tiles' এর কোন বৈশিষ্ট্য বিদ্যমান নেই। বরং এটি এক ধরনের Wall Tiles. সে মোতাবেক Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিকৃত 'Terracotta Clay Product' (Wall Tiles) নামীয় পণ্যটি আমদানি পর্যায়ে 'water absorption coefficient by weight' অনুযায়ী H.S Code 6907.21.00 অথবা 6907.22.00 অথবা 6907.23.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। আমদানিকারক Synergy Trading Ltd. গত ২৫/০১/২০২১ খ্রিঃ তারিখে ''Terracotta Clay Product'' নামীয় পণ্যের সঠিক H.S Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং এর আবেদন করেন। তাদের দাবীকৃত H.S Code-6905.90.00।

অগ্রিম রুলিং এর বিষয়ে কাস্টম হাউসসমূহের নিকট হতে প্রাপ্ত মতামতসমূহ নিম্নে তুলে ধরা হলো:

ক্রঃ নং	দপ্তরসমূহ	মতামত
১।	কাস্টম হাউস, আইসিডি।	আলোচ্য পণ্যটি Terracotta Clay Product বলতে পোড়ামাটির তৈরি বিভিন্ন ধরনের সামগ্রীকে বুঝানো হয়, যা বিভিন্ন Finished Product হিসেবে বিসিটি এর অন্তর্ভুক্ত বিভিন্ন হেডিং এর এইচ এস কোডে বিন্যস্ত হতে পারে। যেমন-Terracotta Clay এর তৈরি Household Articles (Tableware, kitchenware) হলে হেডিং 6912, Tiles হলে হেডিং 6907, বিভিন্ন Constructional Goods (Roofing Tiles, Chimney-pots, architectural ornaments and other constructional goods) হলে হেডিং 6905, Statuettes and other ornamental articles হলে হেডিং 6913 তে শ্রেণিবিন্যাস করা যুক্তি সংগত হবে মর্মে ঐ দপ্তর মনে করেন। উল্লেখ্য যে, নামীয় পণ্যের বিপরীতে ঐ দপ্তরের সাথে আদালতে বা ট্রাইব্যুনালে কোন মামলা চলমান নেই।
		কাস্টম হাউস, ঢাকা, পানগাঁও, মোংলা, বেনাপোল ও চট্টগ্রাম হতে কোন মতামত পাওয়া যায়নি।

পর্যালোচনা ও সিদ্ধান্তঃ আমদানিকারক তার আবেদনপত্রে 'Terracotta Clay Product' নামীয় পণ্যের কথা উল্লেখ করেছেন। সভায় এ বিষয়ে সুনির্দিষ্টভাবে তার পণ্য কোনটি তা জানতে চাওয়া হলে তিনি যে নমুনা পণ্য উপস্থাপন করেন তা মূলত একটি 'Tiles'. আমদানিকারক তার আবেদনে উক্ত 'Tiles' পণ্যটিকে 69.05 এর অধীনে শ্রেণিবিন্যাসের জন্য আবেদন করেন। পর্যালোচনায় দেখা যায় যে, 69.05 এর অধীন এ 'Roofing Tiles' সমূহ শ্রেণিবিন্যাসযোগ্য। WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিতব্য পণ্যটিতে 'Roofing Tiles' এর কোন বৈশিষ্ট্য বিদ্যমান নেই। বরং এটি এক ধরনের Wall Tiles. সে মোতাবেক Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিকৃত 'Terracotta Clay Product' (Wall Tiles) নামীয়

পণ্যটি আমদানি পর্যায়ে 'water absorption coefficient by weight' অনুযায়ী H.S Code 6907.21.00 অথবা 6907.22.00 অথবা 6907.23.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। আমদানিকারক ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড গত ২৩/১১/২০২০ খ্রিঃ তারিখে 'Nicotine pouch (VELO)' নামীয় পণ্যের সঠিক H.S Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং (রিভিউ) এর আবেদন করেন। তাদের দাবীকৃত H.S Code-3824.99.90।

অগ্রিম রুলিং এর বিষয়ে কাস্টম হাউসসমূহের নিকট হতে প্রাপ্ত মতামতসমূহ নিম্নে তুলে ধরা হলো:

ক্র.নং	দপ্তরসমূহ	মতামত
১।	কাস্টম হাউস, পানগাঁও।	আমদানিতব্য পণ্য যেহেতু BRITISH AMERICAN TOBACCO BANGLADESH COMPANY LTD. একটি তামাকজাত পণ্যের উৎপাদনকারী এবং বিক্রয় প্রতিষ্ঠান পাশাপাশি আলোচ্য পণ্যটি তামাকের স্বাদ এর পরিবের্তে নিকোটিনের উৎস হিসাবে ব্যবহৃত হবে সেহেতু Bangladesh Customs Tariff, 2020-2021 অনুযায়ী আলোচ্য পণ্যটির H.S Code 2403.99.00 তে শ্রেণীবিন্যাসযোগ্য বলে এ দপ্তর মনে করে।
২।	কাস্টম হাউস আইসিডি (কমলাপুর)।	আলোচ্য পণ্যটি Bottle/Refil used in Electronic Nocotine Delivery System (ENDS) জাতীয় পণ্য নয় বিধায় 3824.99.40 তে শ্রেণিবিন্যাস যোগ্য নয়। অপর দিকে Nicotine এর উৎস Tobacco Plants এবং BCT এর chapter 24 এ Tobacco and Manufactured Tobacco Substitutes অনুযায়ী আলোচ্য পণ্যটি তামাকের বিকল্প বিধায় এই চ্যাপ্টারে শ্রেণিবিন্যাসযোগ্য। Bangladesh Customs Tariff, 2020-2021 অনুযায়ী আলোচ্য পণ্যটির H.S Code 2403.99.00 তে শ্রেণিবিন্যাস করা যুক্তিসংগত হবে মর্মে ঐ দপ্তর মনে করে। উল্লেখ্য Nicotine Pouch (VELO) নামীয় পণ্যের বিপরীতে ঐ দপ্তরের সাথে আদালতে বা ট্রাইব্যুনালে কোন মামলা চলমান নেই।
৩।	মোংলা কাস্টম হাউস, খুলনা।	আলোচ্য পণ্যটির H.S Code 2403.99.00 তে শ্রেণিবিন্যাস করা যুক্তিসংগত হবে মর্মে ঐ দপ্তর মনে করে।
৪।	কাস্টম হাউস, বেনাপোল।	আলোচ্য পণ্যটি-''Nicotine Pouch'' এর বিষয়ে দুইটি হেডিং নিয়ে আলোচনা হয়। BCT-2020-2021 এর 24.03 হেডিং এ বলা হয়েছে ''Other manufactured tobacco extracts and manufactured tobacco substitutes; ``homogenised'' or ``reconstituted'' tobacco extracts and essences'' ২৪.০৩ এর সাব হেডিং এ বলা হয়েছে-Smoking tobacco, whether or not containing tobacco substitutes in any proportion. কিন্তু Explanatory Notes এ বলা হয়েছে-The Heading does not cover: (a) Nicotine (the alkaloid extracted from tobacco) (heading 29.39) । সে মোতাবেক আলোচ্য পণ্যচালানটি ২৪.০৩ হেডিংভুক্ত হবে না বলে প্রতীয়মান হয়। অন্যদিকে, BCT-2020-2021 এর হেডিং ২৯.৩৯ এ বলা হয়েছে ''Alkaloids, natural or reproduced by synthesis and their salts, ethers, esters and other derivatives. এবং

		Explanatory Notes এ বিষয়ে বলা হয়েছে 29.39 (G) Nicotine and its Salts: Nicotine, alkaloid present in tobacco leaves;-can also be obtained by synthesis, Colourless liquid which turns brown, when exposed to air; has a characteristic, penetrating odour. A strong base, toxic, forms crystalline salts; used as a fungicide and insecticide for plants.'' সে মোতাবেক পণ্যটি ২৯.৩৯ হেডিংভুক্ত হবে মর্মে ঐ দপ্তর মনে করে।
৫।	কাস্টম হাউস, ঢাকা।	আলোচ্য পণ্যটি Bangladesh Customs Tariff (BCT), Explanatory Notes এবং বর্ণিত পত্রের সাথে সংযুক্ত দলিলাদির আলোকে পণ্যটির বর্ণনা, ব্যবহার ও ধরণ পর্যালোচনাপূর্বক আলোচ্য পণ্য Nicotine Pouch (VELO) Bangladesh Customs Tariff (BCT) এর Chapter-24 এর হেডিং 24.03 এর Sub-heading 24.03.99.00 (others) এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করে। এছাড়া উক্ত পণ্যের বিষয়ে ঐ দপ্তরে কোন মামলার তথ্য পাওয়া যায় নি এবং আদালতে বা ট্রাইব্যুনালে উক্ত পণ্যের বিষয়ে কোনো মামলা নেই।
৬।	কাস্টম হাউস, চট্টগ্রাম।	আলোচ্য পণ্যটি BCT, Explanatory Notes এর ব্যাখ্যা এবং উপর্যুক্ত পর্যালোচনা ও সংযুক্ত দলিলাদির ভিত্তিতে আলোচ্য পণ্য ''Nicotine pouch (VELO)'' এর H.S Code 2403.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করে।

পর্যালোচনা ও সিদ্ধান্তঃ আমদানিকারকের পূর্ববর্তী একটি আবেদনের প্রেক্ষিতে এ বিষয়ে পূর্বেই একটি অগ্রিম রুলিং জারী করা হয়েছিলো। যেখানে আলোচ্য পণ্যটিকে H.S Code 2403.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সিদ্ধান্ত দেয়া হয়েছিলো। আমদানিকারক পরবর্তিতে এ বিষয়ে সমজাতীয় একটি পণ্যের ক্ষেত্রে WCO Secretariate হতে Kenya Revenue Authority (Republic of Kenya) এর প্রতি প্রেরিত একটি পত্রের Reference উপস্থাপন করেন। উক্ত পত্রে আলোচ্য পণ্যের সমজাতীয় একটি পণ্যের শ্রেণিবিন্যাসের ক্ষেত্রে H.S Heading 38.24 এর উল্লেখ করা হয়েছে। সভায় সদস্যগণ অভিমত ব্যক্ত করেন যে, WCO Secretariate এর উক্ত পত্রটি যে পণ্যের ক্ষেত্রে প্রেরিত হয়েছে, সেটি আলোচ্য পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য নয় এবং এই পত্রটি আমলে নেয়ার বিষয়ে কোন আইনি বাধ্যবাধকতা নেই। সুতরাং, Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিকৃত ''Nicotine pouch (VELO)'' এর H.S Code 2403.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। তদুপরি, উক্ত আবেদিত পণ্যের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড হতে পরবর্তিতে WCO Secretariate এর কাছে দিক নির্দেশনা চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। আমদানিকারক Rocket Food & Cosmetics গত ১৫/১২/২০২০ খ্রিঃ তারিখে ''ন্যাচারাল হেনা কালার (পেস্ট) Prem Dulhan'' নামীয় পণ্যের সঠিক H.S Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং (রিভিউ) এর আবেদন করেন। তাদের দাবীকৃত H.S Code-3203.00.00 অথবা 1404.90.91।

অগ্রিম রুলিং এর বিষয়ে কাস্টম হাউসসমূহের নিকট হতে প্রাপ্ত মতামতসমূহ নিম্নে তুলে ধরা হলো:

ক্র.নং	দপ্তরসমূহ	মতামত
১।	মোংলা কাস্টম হাউস, খুলনা।	আলোচ্য পণ্যটির H.S Code 3304.99.00 তে শ্রেণিবিন্যাস করা যুক্তিসংগত হবে মর্মে ঐ দপ্তর মনে করে।
২।	কাস্টম হাউস বেনাপোল।	আলোচ্য পণ্যটির H.S Code 3305.90.00 তে শ্রেণিবিন্যাস পূর্বক মিনিয়াম $ 4.00 P/kg তে শুল্কায়ন করা যেতে পারে মর্মে ঐ দপ্তর মনে করে।
৩।	কাস্টম হাউস, চট্টগ্রাম।	আলোচ্য পণ্যটি BCT, Explanatory Notes আইসিডি (কমলাপুর) এর ব্যাখ্যা এবং উপর্যুক্ত পর্যালোচনা ও সংযুক্ত দলিলাদির ভিত্তিতে 'ন্যাচারাল হেনা কালার (পেষ্ট) Prem Dulhan'' এর H.S Code 3304.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করে।
কাস্টম হাউস, ঢাকা, আইসিডি ও পানগাঁও হতে কোন মতামত পাওয়া যায়নি।		

<u>পর্যালোচনা ও সিদ্ধান্তঃ</u> আমদানিকারকের পূর্ববর্তী একটি আবেদনের প্রেক্ষিতে এ বিষয়ে পূর্বেই একটি অগ্রিম রুলিং জারী করা হয়েছিলো। যেখানে আলোচ্য পণ্যটিকে H.S Code 3304.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সিদ্ধান্ত দেয়া হয়েছিলো। পর্যালোচনায় দেখা যায় যে, পূর্বে গৃহীত সিদ্ধান্ত পরিবর্তনের ক্ষেত্রে নতুন কোন ভিত্তি বা গ্রাউন্ড তৈরি হয়নি। সুতরাং, Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিকৃত 'ন্যাচারাল হেনা কালার (পেষ্ট) Prem Dulhan' এর H.S Code 3304.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। কাস্টম হাউস, পানগাঁও কর্তৃক আমদানিকৃত পণ্য ''Fabrics'' এর সঠিক H.S Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করেন। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ: -

বিল অব এন্ট্রি নং সি-১৫৯৪, তারিখ: ০৬.০৯.২০২০ খ্রিঃ।	বিবরণ
সংশ্লিষ্ট কাস্টম হাউস	কাস্টম হাউস, পানগাঁও।
আমদানিকারক	M/S RIYAD ENTERPRISE
পণ্যের বাণিজ্যিক নাম	'Fabrics'
ঘোষিত এইচএস কোড ও বিসিটির বর্ণনা	5208.31.00-
কাস্টম হাউসের নির্ধারিত এইচএস কোড	6204.23.00-
কাস্টমস: গোয়েন্দা কর্তৃক নির্ধারিত H.S Code	6104.23.00

এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্ত মোতাবেক আমদানিকারক পণ্য চালানটি খালাস না দিয়ে দীর্ঘদিন পর অর্থাৎ ১২/১১/২০২০ খ্রিঃ তারিখে পণ্য চালানটির সঠিক এইচ এস কোড নির্ধারণ করার নিমিত্তে আমদানিকারক একটি আবেদন দাখিল করেন। প্রাপ্ত পত্র হতে জানা যায় যে,
''Assessment Committee' র রিপোর্ট এবং আমদানিকারকের আমদানিকৃত পণ্যের প্রকৃত মালের বর্ণনার সহিত কোন মিল নেই মর্মে তারা সংক্ষুব্ধ হয়ে এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্তের নোটে স্বাক্ষর প্রদান হতে বিরত থাকেন। তারা উক্ত পণ্য চালানটি সঠিক/কাস্টমস কর্তৃপক্ষের রিপোর্টের আলোকে এইচ এস কোড ৫২০৮.৩১.০০ নিধারণপূর্বক খালাস প্রদান করা হলে শুল্ক ও কর পরিশোধ করে খালাস গ্রহণে আগ্রহী। এখানে উল্লেখ্য যে, তারা আমদানিকৃত পণ্য চালানে কোন প্রকার থ্রি-পিস নেই মর্মে শতভাগ নিশ্চয়তা প্রদান করেন। এ ক্ষেত্রে জাতীয় স্বার্থে ও রাজস্ব আহরণে সরকারের সহযোগিতার প্রয়োজনে পণ্যের নমুনা সংগ্রহ করে জাতীয় রাজস্ব বোর্ডের মাধ্যমে সঠিক এইচ এস কোড নির্ধারণপূর্বক পণ্য চালানটি খালাসের জন্য

কমিশনারের সিদ্ধান্ত গ্রহণ করলে তারা উক্ত বিষয়ে একমত পোষণ করবেন এবং প্রয়োজনে জাতীয় রাজস্ব বোর্ডের মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে যে কোন পদ্ধতি/পরীক্ষণের মাধ্যমে শতভাগ নিশ্চিতপূর্বক সঠিক এইচ এস কোড নির্ধারণপূর্বক পণ্য চালান খালাস প্রদান করা হলে উক্ত পণ্য চালানটি তিনি শুল্ক ও কর প্রদানপূর্বক পণ্যটি খালাস গ্রহণ করতে ইচ্ছুক (কপি সংযুক্ত)''।

পর্যালোচনা ও সিদ্ধান্ত : উপস্থাপিত নমুনাসমূহ সভার সদস্যগণ কর্তৃক পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, WCO Explanatory Notes এবং Bangladesh Customs Tariff (BCT) এর Section XI এর Note 7 এ বলা হয়েছে যে,

7.- For the purposes of this Section, the expression " made up " means:

(a) Cut otherwise than into squares or rectangles;

(b) Produced in the finished state, ready for use (or merely needing separation by cutting dividing threads) without sewing or other working (for example, certain dusters, towels, table cloths, scarf squares, blankets);

(c) Hemmed or with rolled edges, or with a knotted fringe at any of the edges, but excluding fabrics the cut edges of which have been prevented from unraveling by whipping or by other simple means;

(d) Cut to size and having undergone a process of drawn thread work;

(e) Assembled by sewing, gumming or otherwise (other than piece goods consisting of two or more lengths of identical material joined end to end and piece goods composed of two or more textiles assembled in layers, whether or not padded);

(f) Knitted or crocheted to shape, whether presented as separate items or in the fom of a number of items in the length.

আবার, BCT এর Chapter 61 এর Note 1 এ বলা হয়েছে,

1.- This Chapter applies <u>only to made up</u> knitted or crocheted articles.

এবং Chapter 62 এর Note 1 এ বলা হয়েছে,

1.- This Chapter applies <u>only to made up articles</u> of any textile fabric other than wadding, excluding knitted or crocheted articles (other than those of heading 62.12).

সে মোতাবেক আলোচ্য পণ্যসমূহ উপরোল্লিখিত বৈশিষ্ট্যমন্ডিত নয়। ফলতঃ WCO Explanatory Notes এর বর্ণনা এবং General Rules for the Interpretation of the Harmonized System অনুযায়ী আমদানিকৃত 'Fabrics' পণ্যটি H.S Code 5208.31.00 তে শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। Super Star Electronics Ltd. কর্তৃক আমদানিকৃত পণ্য ''Parts of LED Panel Light'' এর সঠিক H.S Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে আবেদনপত্র দাখিল করেন। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:-

বিল অব এন্ট্রি নং সি-৯৮৪৯৩৪, তারিখ: ২১.০৭.২০২০ খ্রিঃ।	বিবরণ
সংশ্লিষ্ট কাস্টম হাউস	কাস্টম হাউস, চট্টগ্রাম।
আমদানিকারক	Super Star Electronics Ltd.
পণ্যের বাণিজ্যিক নাম	Parts of LED Panel Light
ঘোষিত এইচএস কোড ও বিসিটির বর্ণনা	8539.90.31-
কাস্টম হাউসের নির্ধারিত এইচএস কোড	9405.40.40 অথবা 9405.99.00-
চালানের বর্তমান অবস্থান	ব্যাংক গ্যারান্টির বিপরীতে সাময়িক শুল্কায়নের মাধ্যমে খালাসকৃত।

বিষয়টি পর্যালোচনা করে দেখা যায় যে, Super Star Electronics Ltd. কর্তৃক তাদের পত্রে বলা হয়েছে, 'Parts of LED Panel Light' পণ্যটি তাদের ঘোষিত H.S Code-8539.90.31 তে ঘোষণাপূর্বক শুল্কায়নের জন্য কাস্টম হাউস, চট্টগ্রাম এ বি/ই নং সি-৯৮৪৯৩৪, তারিখ: ২১.০৭.২০২০ খ্রিঃ দাখিল করে। কাস্টম হাউস, চট্টগ্রাম আমদানিকারকের ঘোষিত এইচ এস কোড এর পরিবর্তে 9405.99.00 তে শুল্কায়ন করা হয়। পণ্য চালানটি সাময়িক শুল্কায়ন করে পার্থক্যজনিত শুল্ক-করাদির সমপরিমাণ নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি রেখে চালানটি ছাড় দেয়া হয়েছে।

পর্যালোচনা ও সিদ্ধান্ত: সভায় আমদানিকারক কর্তৃক বিভিন্ন ধরনের পূর্নাঙ্গ লাইট ও লাইটের যন্ত্রাংশ ইত্যাদি নমুনা উপস্থাপন করা হয়। সভার সদস্যগণ এ বিষয়ে বিশদ আলোচনা করেন। এ বিষয়ে বিভিন্ন দালিলিক তথ্য-উপাত্ত সহ অন্যান্য বিষয়াদি আরো পর্যালোচনা প্রয়োজন মর্মে তারা সিদ্ধান্তে উপনীত হন। সে মোতাবেক বিষয়টি পরবর্তী সভায় উপস্থাপন করা যায় মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। কাস্টম হাউস, ঢাকা কর্তৃক প্রেরিত পত্রের মাধ্যমে আমদানিকৃত পণ্য ''Back Sheet for baby Diaper'' এর সঠিক H.S Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করেন। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:-

বিল অব এন্ট্রি নং সি-৪৬৬৯২৮, তারিখ: ২০.০৭.২০২০ খ্রিঃ।	বিবরণ
সংশ্লিষ্ট কাস্টম হাউস	কাস্টম হাউস, ঢাকা।
আমদানিকারক	Advanced chemical Industries Ltd.
পণ্যের বাণিজ্যিক নাম	Back Sheet for baby Diaper
ঘোষিত এইচএস কোড ও বিসিটির বর্ণনা	3920.10.20
কাস্টম হাউসের নির্ধারিত এইচএস কোড	9619.00.00
চালানের বর্তমান অবস্থান	ব্যাংক গ্যারান্টির বিপরীতে সাময়িক শুল্কায়নের মাধ্যমে খালাসকৃত।

বিষয়টি পর্যালোচনা করে দেখা যায় যে, Advanced chemical Industries Ltd. কর্তৃক তাদের পত্রে বলা হয়েছে, 'Back Sheet for baby Diaper' পণ্যটি তাদের ঘোষিত H.S Code 3920.10.20 তে ঘোষণাপূর্বক শুল্কায়নের জন্য কাস্টম হাউস, ঢাকা এ বি/ই নং সি- ৪৬৬৯২৮,তারিখ: ২০.০৭.২০২০ খ্রিঃ দাখিল করে। আমদানিকারকের ঘোষিত এইচ.এস.কোড এবং কাস্টম হাউস, ঢাকা কর্তৃক নিরূপিত H.S Code 9619.00.00 (Sanitary Towels (pads) and tampons, napkins and napkin liners for babies and similar articles of any material) নিয়ে

জটিলতা সৃষ্টি হওয়ায় ঐ দপ্তরে গত ৩০/১১/২০২০ খ্রিঃ তারিখে এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্ত মোতাবেক আমদানিকারক উক্ত পণ্য ইতোমধ্যে পার্থক্যজনিত অর্থের সমপরিমাণ ব্যাংক গ্যারান্টি প্রদান করে পণ্যচালানটি সাময়িক শুল্কায়ন করে খালাস নেন। H.S Code নিয়ে মতপার্থক্য থাকার কারণে এ বিষয়ে কাস্টম হাউস, ঢাকা হতে ''জাতীয় রাজস্ব বোর্ডের'' দিক নির্দেশনা কামনা করা হয়।

পর্যালোচনা ও সিদ্ধান্ত : সভায় পণ্যের নমুনা উপস্থাপন করা হয়। একইসাথে উক্ত পণ্য দ্বারা প্রস্তুতকৃত পূর্ণাঙ্গ পণ্যও উপস্থাপন করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, পণ্যটি একটি পাতলা প্লাস্টিকের তৈরি শীট। এটি পূর্ণাঙ্গ ডায়াপার তৈরিতে কাজে লাগে যা ডায়াপারের Backsheet হিসেবে ব্যবহৃত হয়। WCO Explanatory Notes এ H.S Code 96.19 এ পণ্যের যেসকল বর্ণনা দেয়া হয়েছে, আলোচ্য পণ্যটি উক্ত বর্ণনার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিকৃত 'Back Sheet for baby Diaper' পণ্যটি H.S Code 3920.10.20 তে শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। এমতাবস্থায়, উপর্যুক্ত আলোচনা ও সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

(সৈয়দ গোলাম কিবরীয়া)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি)

বিতরণ:

১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ মোংলা/ আইসিডি (কমলাপুর)/পানগাঁও/বেনাপোল/ পায়রা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৬.২০১৭/৬৩ (৩১) তারিখ: ২৩/০২/২০২১ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (Website-এ প্রকাশের অনুরোধসহ)।
২৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৬। প্রথম সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৭। দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কোস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৯। সত্ত্বাধিকারী, PURPLE ALGORITHM LTD. House-56/B, (1st Floor), Road-132, Gulshan-01, Dhaka-1212.
৩০। সত্ত্বাধিকারী, Vibrant Ceramics Ltd. House-15 (Ground Floor), Lakedrive Road, Sector-7, Uttara, Dhaka-1230.
৩১। সত্ত্বাধিকারী, Synergy Trading Ltd. Moon Islam House: 34-36, Road-8, Block-E, Niketon, Gulshan-1, Dhaka-1212.
৩২। সত্ত্বাধিকারী, ব্রিটিশ অ্যামেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড, নিউ ডিওএইচএস রোড, মহাখালী, কাফরুল পিএস, ঢাকা-১২০৬।
৩৩। সত্ত্বাধিকারী, Rocket Food & Cosmetics. ৮/১৬/এ, হাফিজুল্লাহ রোড, চকবাজার, ঢাকা-১১০০।
৩৪। সত্ত্বাধিকারী. M/s. Riyad Enterprise, শাওন প্লাজা, রূপদিয়া বাজার, যশোর।
৩৫। সত্ত্বাধিকারী. Super Star Electronics Ltd., UCEP Cheyne Tower (3rd Floor), 25, segunbagicha, Ramna, Dhaka-1000.
৩৬। সত্ত্বাধিকারী. Advanced chemical Industries Ltd., নীলনগর, কোনাবাড়ী, গাজীপুর।

২৩/০২/২০২১

(মোঃ পারভেজ রেজা চৌধুরী)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং